ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৬৫৮
ছৈলেংটা, ৭ নভেম্বর, ২০২৫

**ছৈলেংটায় বন্দে মাতরমের ১৫০ বছর পূর্তি অনুষ্ঠান**

আজ সারা দেশের সাথে ছৈলেংটায় মহকুমা শাসকের অফিস প্রাঙ্গণে লংতরাইভ্যালি মহকুমার মহকুমা ভিত্তিক ১৫০তম বন্দে মাতরম উদযাপন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক শম্ভুলাল চাকমা। অনুষ্ঠান শুরু হয় অডিও-ভিজ্যুয়াল স্ক্রিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভার্চুয়াল ভাষণের লাইভ টেলিকাস্ট-এর মাধ্যমে। তার পর বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জীবনী ও অবদান নিয়ে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। সেখানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক শম্ভুলাল চাকমা ভারতের স্বাধীনতা সংগ্রামে কিংবদন্তীসম লেখক বঙ্কিমচন্দ্রের অবদান, তার লেখা, বিশেষ করে দেশাত্ববোধের ভাবনায় উদ্বেলিত জাগনতাকারী ‘বন্দে মাতরম’ গান নিয়ে আলোচনা করেন।

একতার প্রতীক স্বরূপ সমবেতভাবে বন্দে মাতরম গানটি পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠান শেষ হয়। তাছাড়াও অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মহকুমা শাসক সুব্রত দাস, ডিসিএম দীপক চন্দ্র শর্মা, ডিসিএম রতনমনি দেববর্মা, ডিসিএম শিমূল চন্দ্র দাস এবং অন্যান্য আধিকারিকগণ। ‘বন্দে মাতরম’-এর ১৫০ বছর পূর্তি উদযাপন ১ম পর্ব চলবে ১৪ নভেম্বর, ২০২৫ পর্যন্ত।

*****